

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ইউকল এর মধ্যে টিআর/কাবিটা (সোলার) কর্মসূচি বাস্তবায়নে সমঝোতা স্মারক স্বাক্ষর

গত ১ ফেব্রুয়ারী ২০১৮ ইংতারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইউকল) এর মধ্যে টিআর/কাবিটা কর্মসূচির আওতায় নবায়নযোগ্য শক্তি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আওতায় ইউকল তার সহযোগী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে ২০১৭-১৮ অর্থ বৎসরে প্রায় ১০৬৭ কোটি টাকা মূল্যমানের বিভিন্ন ধরনের নবায়নযোগ্য শক্তি প্রকল্প যেমন: সোলার হোম সিস্টেম, সোলার এসি সিস্টেম, সোলার ডিসি সিস্টেম, সোলার স্ট্রীট লাইট ইত্যাদি প্রকল্প বাস্তবায়ন করবে। এই কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার “ঘরে ঘরে বিদ্যুৎ” উদ্যোগ বাস্তবায়নকে ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উল্লেখ্য, গত ২০১৬-১৭ অর্থবৎসরে সারাদেশে ইউকলের মাধ্যমে টিআর/কাবিটা কর্মসূচির আওতায় প্রায় ৩,৮৩,৫৫০টি সোলার সিস্টেম স্থাপন সম্পন্ন হয়েছে।

জনাব মোঃ জাকির হোসেন আকন্দ, অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জনাব মাহমুদ মালিক, নির্বাহী পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ইউকল স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে জনাব এ কে এম টিপু সুলতান, যুগ্ম-সচিব (ত্রাক-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জনাব এস এম মনিরুল ইসলাম, ডেপুটি সিইও, ইউকল, জনাব মোঃ এনামুল করিম পাভেল, হেড অব রিনিউএবল এনার্জি, ইউকল সহ উভয় প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

